

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৮.২৬.০১২.১৪.১২২

তারিখ: ২২/০৬/২০১৭খ্রিঃ

প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
ভূমি মন্ত্রণালয়
৭১, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: বাংলাদেশ ই-স্পাত ও প্রকৌশল কর্পোরেশন নিয়ন্ত্রিত সরকারি প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ এর এল-২০০ স্পোর্টারো
মডেলের ৯৬টি ডাবল কেবিন পিকআপ ক্রয় সংক্রান্ত।

সূত্র: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর স্মারক নং ০৭.১১৮.০২০.৪৬.০১.০১৮.২০১৪-৩৪৯, তারিখ: ১৫/০৬/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ের জন্য ৯৬টি ডাবল কেবিন পিকআপ ক্রয়/সংগ্রহের নিমিত্ত সরকারি প্রতিষ্ঠান প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড অনুকূলে প্রদত্ত ভূমি মন্ত্রণালয়ের সংশোধিত কার্যাদেশ অনুযায়ী চলতি ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত অনুময়ন বাজেটে ৩-৪৬০১-০০০১ সচিবালয় এর অধীন **৬৮০৭-মোটরযান কোডে বরাদ্দকৃত ৫০ (পঞ্চাশ) কোটি টাকা হতে ৪৯,৬০,৮০,৪৮০/- (উনপঞ্চাশ কোটি ষাট লক্ষ আশি হাজার চারশত আশি) টাকা ব্যয়ে রেজিস্ট্রেশনসহ নিম্নোক্ত শর্তে সরকারী মঞ্জুরী আদেশ নির্দেশক্রমে জ্ঞাপন করছি:

শর্তাবলী:

- (ক) ৯৬টি ডাবল কেবিন পিকআপ ক্রয়ের ক্ষেত্রে PPR, 2006 এবং PPR, 2008 (সর্বশেষ সংশোধনসহ) অনুসরণ করতে হবে(প্রযোজ্য ক্ষেত্রে);
- (খ) গাড়ি ক্রয় এবং রেজিস্ট্রেশন ব্যতীত অন্য কোন কাজে এ অর্থ ব্যয় করা যাবে না;
- (গ) গাড়ি ক্রয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন আর্থিক অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ি থাকবেন;
- (ঘ) গাড়ি ক্রয়/সংগ্রহ এবং গাড়ি চালক নিয়োগ সংক্রান্ত অগ্রগতি অর্থ বিভাগকে অবহিত করতে হবে;
- (ঙ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০/০৬/২০১৭ তারিখের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সিএও অনুকূলে সমর্পণপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বা/-

(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০

স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৮.২৬.০১২.১৪.১২২/১(৮)

তারিখ: ২২/০৬/২০১৭খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। উপসচিব, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ বাজেট অনুবিভাগ-২, অধিশাখা-১৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপসচিব, মাঠ প্রশাসন-২, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(অর্থ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ািলিপি সংযুক্ত)।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।(সরকারি আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৭। অফিস কপি।
- ০৮। মাস্টার কপি।

স্বা/-
২২/০৬/২০১৭
(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০